# ডেইলি স্টার কার্যালয়ের সামনে হেনস্তার শিকার নিউ এজ সম্পাদক নূরুল কবীর



সংগৃহীত ছবি

দেশের শীর্ষ দুটি দৈনিকের কার্যালয়ে হামলার খবর জানার পর ঘটনাস্থলে গিয়ে অপ্রীতিকর পরিস্থিতির শিকার হয়েছেন সম্পাদক পরিষদের সভাপতি ও নিউ এজ পত্রিকার সম্পাদক নূরুল কবীর। বৃহস্পতিবার গভীর রাতে ডেইলি স্টার ভবনের সামনে এ ঘটনা ঘটে।

জানা যায়, প্রথম আলো ও ডেইলি স্টার কার্যালয়ে হামলার সংবাদ পেয়ে দায়িত্বশীলতার জায়গা থেকে তিনি সেখানে উপস্থিত হন। তবে পরিস্থিতি পর্যবেক্ষণের সময় কয়েকজন তরুণ তাকে ঘিরে ধরে অসদাচরণ করেন। পরে নূরুল কবীর নিজেই বিষয়টি নিশ্চিত করেন যে, ঘটনাস্থলে থাকা ব্যক্তিরা সম্ভবত তাকে শনাক্ত করতে পারেননি।

ঘটনার খবর পেয়ে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা দ্রুত হস্তক্ষেপ করে তাকে সেখান থেকে নিরাপদে সরিয়ে নেন। সংশ্লিষ্টরা জানান, বর্তমানে তিনি সুস্থ আছেন এবং নিরাপদ পরিবেশে অবস্থান করছেন।

LENS ASIA